



শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক

## সচেতনতা বৃদ্ধি কার্যক্রম

**প্রধান অতিথি : জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা**  
মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

**আলোচক : জনাব মোঃ মাজহারুল ইসলাম**  
উপজেলা নির্বাহী অফিসার, সাভার

**সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম**  
রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

স্থান : সন্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট তারিখ : ৩০ অক্টোবর ২০২৩ খ্রি.



তথ্যের অবাধ প্রবাহ ও জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে ২০০৯ সালে তথ্য অধিকার আইন প্রণয়ন করা হয়। বর্ণিত আইন বিষয়ে সম্যক ধারণা প্রদান এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে ৩০ অক্টোবর ২০২৩ তারিখে তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে সচেতনতা বৃদ্ধি বিষয়ক সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব রফিকুল ইসলাম, রেজিস্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা, মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট। সভায় আলোচক হিসেবে তথ্য অধিকার আইন, ২০০৯ এর উপর বিস্তারিতভাবে আলোকপাত করেন জনাব মাজহারুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা। সচেতনতা বৃদ্ধি কার্যক্রমে এ প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থী, যুব ও যুবনারী এবং কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় তথ্য অধিকার আইন, ২০০৯, তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯, তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০, তথ্য অধিকার (অভিযোগ দায়ের ও নিষ্পত্তি সংক্রান্ত) প্রবিধানমালা, ২০১১ এর বিষয়ে সম্যক ধারণা প্রদান করা হয়। অংশগ্রহণকারীগণ তথ্য প্রাপ্তিতে তাদের অভিজ্ঞতা তুলে ধরেন। প্রধান অতিথি এ ইনস্টিটিউটে সংশ্লিষ্ট আইন, বিধি ও প্রবিধানমালার যথাযথ প্রয়োগের উপর গুরুত্বারোপ করেন। এক্ষেত্রে তথ্য প্রদানকারী কর্মকর্তাকে সংশ্লিষ্ট আইন ও বিধির আলোকে তৎপর থাকার পরামর্শ প্রদান করেন। লব্ধ জ্ঞান দ্বারা উপস্থিত যুব ও যুবনারীগণ উপকৃত হবেন এবং তারা নিজ নিজ এলাকায় জনসাধারণকে সচেতন করে তুলবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

পরিশেষে অনুষ্ঠানের সভাপতি সকলের প্রাণবন্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে তথ্য অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক সভার সমাপ্তি ঘোষণা করেন।

